ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২০ – ৩০ জুন, ২০২১

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| | | পৃষ্ঠা নং |
| উপক্রমণিকা | | ৩ |
| বাপেক্স এর কর্মসম্পাদনের সার্বিকচিত্র | | ৪ |
| সেকশন ১ : | রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ, কার্যাবলি | ৫ |
| সেকশন ২ : | কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব, আবশ্যিক ও কৌশলগত কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৬ |
| সংযোজনী ১ : | শব্দসংক্ষেপ | ১০ |
| সংযোজনী ২ : | কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ১১ |
| সংযোজনী ৩ : | কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১২ |

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) এর মধ্যে ২০২০ সালের …… জুলাই … মাসের ……২৯…… তারিখে এই কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# বাপেক্স এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the BAPEX)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**
বিগত ৩ বছরে ৬টি অনুসন্ধান কূপ (ভোলা নর্থ-১, শাহবাজপুর ইস্ট-১, কসবা-১, সালদা নর্থ-১, সেমুতাং সাউথ-১ ও শ্রীকাইল ইষ্ট-১) খনন সম্পন্ন হয়েছে। তন্মধ্যে ভোলা নর্থ -১ এবং শাহবাজপুর ইস্ট-১ কূপ হতে দৈনিক মোট ৫০ মিলিয়ন ঘনফুট গ্যাস বাণিজ্যিকভাবে সরবরাহের লক্ষ্যে কমপ্লিশন করা হয়েছে। শ্রীকাইল ইষ্ট-১ এ সফলভাবে খনন সম্পন্ন হয়েছে এবং বাণিজ্যিকভাবে উত্তোলনযোগ্য গ্যাসের অস্তিত্ব পাওয়া গেছে। বর্তমানে কূপটি ১২.৫ এমএমএসসিএফডি গ্যাস উৎপাদনক্ষম করা হয়েছে। কসবা-১, সালদা নর্থ-১ ও সেমুতাং সাউথ-১ এ গ্যাস এর উপস্থিতি থাকলেও বাণিজ্যিকভাবে উত্তোলনযোগ্য গ্যাস পাওয়া যায়নি। ৯ (নয়)টি ওয়ার্কওভার (তিতাস-১৫, ৬ ও ৯ শাহবাজপুর-১, বেগমগঞ্জ-৩, হবিগঞ্জ-১, কৈলাশটিলা-১, বাখরাবাদ-১ ও নরসিংদী-১) কার্যক্রম সম্পন্ন হয়েছে। বাপেক্স এর আওতাধীন শাহবাজপুর-২, ৪ ও বেগমগঞ্জ-৩ কূপ হতে দৈনিক ৫৬.৫ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদন করা হচ্ছে। রূপকল্প-১০ প্রকল্পের আওতায় ১টি ওয়ার্কওভার রিগ (XJ650T) ক্রয় করা হয়েছে। জরিপ কার্যক্রমের আওতায় ২৬০ লাইন কি: মি: ভূতাত্ত্বিক জরিপ, ৫২২৫ লাইন কি. মি. দ্বিমাত্রিক এবং ৭৫০ বর্গ কি. মি. ত্রিমাত্রিক জরিপ সম্পন্ন হয়েছে। এছাড়াও সর্বমোট ১১৫ বিসিএফ গ্যাস এবং ১৭ মি.লি কনডেনসেট উৎপাদিত হয়েছে।  দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সর্বমোট ৬১১৯জন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বাপেক্স অনুসন্ধান কার্যক্রমের প্রাথমিক ধাপ অতিক্রম করে অপেক্ষাকৃত জটিল ভূগাঠনিক ধাপে দ্বিতীয় পর্যায়ে পদার্পন করেছে। ফলে এ পর্যায়ে অনুসন্ধান কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার লক্ষ্যে এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন সফট্ওয়্যার ও হার্ডওয়্যারসহ ওয়ার্ক-এসোসিয়েশন এর মাধ্যমে এক্সপ্লোরেশন এর জটিল পর্যায় মোকাবেলা করা একটা বড় চ্যালেঞ্জ। পাশাপাশি গ্যাসের চাহিদা পূরণে কোন গ্যাস ক্ষেত্র আবিস্কারের পর ফিল্ড এ্যাপ্রেইজ করে ক্ষেত্রের মজুদ সম্পর্কে যথাযথ মূল্যায়ন সাপেক্ষে ফিল্ড ডেভেলপমেন্ট প্ল্যান (FDP) এর আওতায় গ্যাস উৎপাদন করাটা আর একটি চ্যালেঞ্জ। বিভিন্ন স্পেসিয়ালাইজেশনের ক্ষেত্রে দেশী/বিদেশী উপদেষ্টা নিয়োগ করণ বাপেক্স কর্তৃক গৃহীত/প্রস্তাবিত কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে বড় চ্যালেঞ্জ। এছাড়াও বৈশিক কোভিড-১৯ মহামারীর ফলে স্বাস্থ্য বিধি মেনে ড্রিলিং ফিল্ডে কাজ করা বর্তমান প্রেক্ষাপটে অত্যন্ত ঝুঁকিপূর্ণ এবং খনন মালামাল বিদেশ থেকে সময়মত সরবরাহ করাটা একটি চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**
বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার, ২০১৮ এ বর্ণিত লক্ষ্য ও পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভিষ্ট (SDG),  ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, মন্ত্রণালয় কর্তৃক গৃহীত নীতিমালা/দলিল, সরকারের অন্যান্য কৌশলপত্র, বাজেট ও সময়ে সময়ে সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন কর্মসূচী এবং সরকার ঘোষিত রূপকল্প-২০২১ বাস্তবায়নে বাপেক্স কর্তৃক তেল/গ্যাস অনুসন্ধান, উন্নয়ন ও উৎপাদনে ২০১৫-২০২১ সময়কালে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। গ্যাসের ভবিষ্যৎ চাহিদা মেটানোর লক্ষ্যে ভূ-তাত্ত্বিক জরিপ ৫৭০ লাইন কি.মি., দ্বিমাত্রিক জরিপ ১২৮০০ লাইন কি.মি. এবং ত্রিমাত্রিক জরিপ ২৮৪০ বর্গ কি.মি. সম্পন্ন করা হবে। গ্যাসের মজুদ বৃদ্ধির জন্য অনুসন্ধান কার্যক্রম অব্যাহত আছে। দেশের ক্রমবর্ধমান গ্যাসের চাহিদা মেটানোর লক্ষ্যে বাপেক্স কর্তৃক ২০২১ সালের মধ্যে মোট ৪২টি কূপ (১২টি অনুসন্ধান কূপ, ০৭টি উন্নয়ন কূপ এবং ২৩টি কূপের ওয়ার্কওভার) খনন করার পরিকল্পনা করা হয়েছে। যা সাইসমিক তথ্য-উপাত্তের উপর ভিত্তি করে অনুসন্ধান কূপের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এছাড়া অনুসন্ধান কূপের সাফল্যের উপর ভিত্তি করে উন্নয়ন কূপের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। আরও উল্লেখ্য, সাইসমিক তথ্য-উপাত্ত বিস্তারিত বিশ্লেষণের পর কূপের সংখ্যার সাথে সময়কালও পরিবর্তিত হতে পারে এবং সরকারি সিদ্ধান্ত অনুযায়ী কর্মপরিকল্পনাটি পরিবর্তিত/সংশোধিত হতে পারে। এ সকল কূপ হতে আনুমানিক দৈনিক ১৬৫ মিলিয়ন ঘনফুট অতিরিক্ত গ্যাস উৎপাদন হবে বলে আশা করা যায়।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**
- ভূতাত্ত্বিক জরিপ-৯০ লাইন কি. মি. (বান্দরবন ভূগঠন);
- দ্বিমাত্রিক জরিপ-১০০০ লাইন কি. মি. (ব্লক -১০ এবং ব্লক- ১৫ ও ২২);
- অনুসন্ধান কূপ খনন-১টি (জকিগঞ্জ-১); এবং
- উন্নয়ন কূপ খনন-১টি (সিলেট-৯); এবং
- ওয়ার্কওভার-৩টি (বাপেক্স এর ২টি শাহবাজপুর-৩ ও শ্রীকাইল-৪, বিজিএফসিএল এর ১টি তিতাস- ১৩);
- মোট গ্যাস উৎপাদন-৩৮.০ বিসিএফ এবং
- মোট কনডেনসেট উৎপাদন-৪.০ মি. লি.।

## সেকশন-১:

বাপেক্স এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions):

১.১ রূপকল্প (Vision):

টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে তৈল/গ্যাস অনুসন্ধান ও উত্তোলনে শীর্ষস্থানীয় জাতীয় প্রতিষ্ঠান হিসাবে সক্ষমতা অর্জন করা।

১.২ অভিলক্ষ্য (Mission):

- কারিগরি ও আর্থিকভাবে স্বয়ংসম্পূর্ণ এবং আন্তর্জাতিক মানসম্পন্ন প্রতিষ্ঠান হিসাবে বাপেক্সকে প্রতিষ্ঠা করা এবং
- ভূতাত্ত্বিক, ভূপদার্থিক, খননসহ বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে তৈল/গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদন কার্যক্রম সফলতার সাথে পরিচালনা করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. জ্বালানির সার্ভে কার্যক্রম জোরদার করণ;
২. জ্বালানির অনুসন্ধান এবং উৎপাদন বৃদ্ধি করাএবং
৩. মানব সম্পদ উন্নয়ন।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ;
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি এবং
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কার্যাবলি (Functions):

1. তৈল/গ্যাস অনুসন্ধানের লক্ষ্যে নতুন সম্ভাবনাময় ভূগঠন এবং এলাকা সনাক্তসহ সংশ্লিষ্ট কার্যাদি সম্পন্ন করা;
2. ভূতাত্ত্বিক, দ্বিমাত্রিক ও ত্রিমাত্রিক জরিপ কার্যক্রম পরিচালনাসহ সংশ্লিষ্ট কার্যাদি সম্পন্ন করা;
3. ওয়ার্কওভারসহ অনুসন্ধান ও উন্নয়ন কূপ খনন পরিচালনাসহ সংশ্লিষ্ট কার্যাদি সম্পন্ন করা;
4. কোম্পানীর নিজস্ব গ্যাস ক্ষেত্র হতে নিরবচ্ছিন্নভাবে গ্যাস উৎপাদন নিশ্চিতসহ সংশ্লিষ্ট কার্যাদি সম্পন্ন করা;
5. বিভিন্ন ধরনের জরিপ, অনুসন্ধান ও উন্নয়ন কূপ খনন সম্পর্কিত উন্নয়ন প্রকল্প বাস্তবায়নসহ সংশ্লিষ্ট কার্যাদি সম্পন্ন করা এবং
6. বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক কোম্পানির সাথে নানান ধরণের সেবামূলক এবং যৌথ সহযোগিতা চুক্তিসম্পাদনসহ সংশ্লিষ্ট কার্যাদি সম্পন্ন করা।

# সেকশন-২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| **চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)** | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | **একক** (Unit) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্য মাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | *২০১৯-২০ | | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| গ্যাসের মজুদ ও উৎপাদন বৃদ্ধি | গ্যাস উৎপাদনের পরিমান বৃদ্ধি | বিসিএফ | ৪২.২৯ | ৩৬.২৪ | ৩৮.০০ | ৪০.০০ | ৪২.০০ | ১। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ<br>২। বিদ্যুৎ বিভাগ<br>৩। পরিকল্পনা কমিশন<br>৪। পরিবেশ ও বন মন্ত্রণালয়<br>৫। অর্থ মন্ত্রণালয়<br>৬। পেট্রোবাংলা | এম আই এস, মাসিক প্রতিবেদন, বার্ষিক প্রতিবেদন ইত্যাদি। |
| | কনডেনসেট উৎপাদনের পরিমান বৃদ্ধি | মি.লি. | ৬.৪ | ৫.৪৮ | ৪.০ | ৪.০০ | ৩.৫০ | | |

*সাময়িক।

# কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্বতি (Calculation method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০২০-২১ (Target /Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | *২০১৯-২০ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **বাপেক্স এর কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| ১) জ্বালানির সার্ভে কার্যক্রম জোরদারকরণ | ২৫ | ১.১) ভূতাত্ত্বিক জরিপ | জরিপকৃত | সমষ্ঠি | লা. কি. মি. | ১০ | ৮০ | ৯৩ | ৯০ | ৮০ | ৭০ | ৬৫ | ৬০ | ৯০ | ৯৫ |
| | | ১.২) দ্বিমাত্রিক | জরিপকৃত | সমষ্ঠি | লা. কি. মি. | ১৫ | ২১৯০ | ০ | ১০০০ | ৮০০ | ৬৫০ | ৫৫০ | ৪০০ | ১০০০ | ১২০০ |
| | | ১.৩) ত্রিমাত্রিক | জরিপকৃত | সমষ্ঠি | বর্গ. কি. মি. | - | ৫০ | ২০০ | - | - | - | - | - | ৪০০ | ৪০০ |
| ২) জ্বালানির অনুসন্ধান এবং উৎপাদন বৃদ্ধি করা | ৪০ | ২.১) অনুসন্ধান কূপ খনন | খননকৃত কূপ | সমষ্ঠি | সংখ্যা | ৬ | ২ | ১ | ১ | ১ | - | - | - | ২ | ২ |
| | | ২.২) উন্নয়ন কূপ খনন | খননকৃত কূপ | সমষ্ঠি | সংখ্যা | ৬ | ০ | ০ | ১ | ১ | - | - | - | ১ | ২ |
| | | ২.৩) ওয়ার্কওভার | ওয়ার্কওভার সম্পন্ন | সমষ্ঠি | সংখ্যা | ৮ | ৪ | ১ | ৩ | ২ | ১ | - | - | ৩ | ৩ |
| | | ২.৪) গ্যাস উৎপাদন | গ্যাস উৎপাদিত | সমষ্ঠি | বিসিএফ | ১২ | ৪২.২৯ | ৩৬.২৪ | ৩৮ | ৩৫ | ৩৩ | ৩২ | ৩১ | ৪০ | ৪২ |
| | | ২.৫) পেট্রোলিয়াম প্রোডাক্টস উৎপাদন | কনডেনসেট উৎপাদিত | সমষ্ঠি | মিলিয়ন লিটার | ৮ | ৬.৪ | ৫.৪৮ | ৪.০ | ৩.৫ | ৩.০ | ২.৮ | ২.৫ | ৪.০ | ৩.৫ |
| ৩) মানব সম্পদ উন্নয়ন | ১০ | ৩.১) মানব সম্পদ উন্নয়ন | প্রশিক্ষণ গ্রহণ | সমষ্ঠি | সংখ্যা | ১০ | ২৪২৪ | ১৮৬২ | ১০০০ | ৮০০ | ৭৫০ | ৭০০ | ৬৫০ | ৯০০ | ১০০০ |

*সাময়িক।

# বাপেক্স এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কৌশলগতউদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদনসুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সুচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০২০-২১ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| **বাপেক্স এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১১ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | □ | □ | □ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | □ | □ | □ | | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | □ | □ | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১]ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | [২.২] উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | [২.২.১] নূন্যতম একটি উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১- | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |
| | | [২.৩] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ২ | ৪০ | ৩০ | ২০ | ১০ | - |
| | | | [২.৩.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্বপ্রত্যেককর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৪] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৪.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃতস্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৪-০১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এর ব্যবস্থাপনা পরিচালক বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) এর মাননীয় চেয়ারম্যান মহোদয়ের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) এর চেয়ারম্যান বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এর ব্যবস্থাপনা পরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)

(মোহাম্মদ আলী)
ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোং লিঃ
৪ কাওরান বাজার, বা/এ, ঢাকা-১২১৫।

২৯/০৭/২০২০
তারিখ:

চেয়ারম্যান
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

এ বি এম আবদুল ফাত্তাহ
চেয়ারম্যান
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশ
(পেট্রোবাংলা)।

২৯/০৭/২০২০
তারিখ:

## সংযোজনী-১

শব্দসংক্ষেপ
(Acronyms)

| ক্রমিক নং | শব্দ সংক্ষেপ | বর্ণনা |
|---|---|---|
| ১. | বাপেক্স | বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড। |
| ২. | জিডিএফ | গ্যাস ডেভলপমেন্ট ফান্ড |
| ৩. | লাইন কি.মি. | লাইন কিলোমিটার |
| ৪. | বর্গ কি.মি. | বর্গ কিলোমিটার |
| ৫. | এমএমএসসিএফডি | মিলিয়ন স্ট্যান্ডার্ড কিউবিক ফিট পার ডে |
| ৬. | বিসিএফ | বিলিয়ন কিউবিক ফিট |
| ৭. | মি.লি. | মিলিয়ন লিটার |
| ৮. | এমআইএস | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| ৯. | পিআরএল | পোষ্ট রিটায়ারমেন্ট লিভ |
| ১০. | ডিপিপি | ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রোপোজাল/প্রোফরমা |
| ১১. | পিসিআর | প্রজেক্ট কমপ্লিশন রিপোর্ট |
| ১২. | এসআইপি | স্মল ইমপ্রুভমেন্ট প্রজেক্ট |
| ১৩. | জিটিসিএল | গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড |
| ১৪. | আইএমইডি | ইমপ্লিমেন্টেশন, মনিটরিং এন্ড ইভাল্যুয়েশন ডিভিশন |
| ১৫. | এইচআরএম | হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট |
| ১৬. | বিসিসি | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল |
| ১৭. | বিটিসিএল | বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিমিটেড |
| ১৮. | এসডিজি | সাসটেইন্যাবল ডেভেলেপমেন্ট গোল |

## সংযোজনী-২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমানক | পরিমাপকের উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|---|
| ১ | ভূতাত্ত্বিক জরিপ | জরিপকৃত | বান্দরবন এলাকার বান্দরবন ভূগঠনে মোট – ৯০ লাইন কি.মি. ভূতাত্ত্বিক জরিপ সম্পন্ন করা হবে। | ভূতাত্ত্বিক বিভাগ, বাপেক্স | মাসিক প্রতিবেদন, চূড়ান্ত ভূতাত্ত্বিক প্রতিবেদন। | এমআইএস প্রতিবেদন, বার্ষিক প্রতিবেদন |
| | দ্বিমাত্রিক জরিপ | জরিপকৃত | ব্লক -১০ এবং ব্লক-১৫ ও ২২ এ মোট -১০০০ লাইন কি.মি. দ্বিমাত্রিক জরিপ সম্পন্ন করা হবে। | ভূপদার্থিক বিভাগ, বাপেক্স | আইএমইডি প্রতিবেদন, প্রকল্প এলাকার পরিদর্শন প্রতিবেদন। | এমআইএস প্রতিবেদন, বার্ষিক প্রতিবেদন |
| ২ | অনুসন্ধান কূপ খনন | খননকৃত | জকিগঞ্জ-১ এ অনুসন্ধান কূপ খনন করা হবে। | প্রধানত খনন/প্রকৌশল/ ভূতাত্ত্বিক/ টেকনিক্যাল সার্ভিসেস/ প্রশাসন এবং হিসাব ও অর্থ বিভাগসহ সকল বিভাগ, বাপেক্স | আইএমইডি প্রতিবেদন, প্রকল্প এলাকার পরিদর্শন প্রতিবেদন, পিসিআর। | এমআইএস, মাসিক প্রতিবেদন, বার্ষিক প্রতিবেদন, ডিপিপি, আইএমইডি রিপোর্ট, পিসিআর ইত্যাদি |
| | উন্নয়ন কূপ খনন | খননকৃত | সিলেট-৯ এ উন্নয়ন কূপ খনন করা হবে। | | | |
| | ওয়ার্কওভার | ওয়ার্কওভার সম্পন্ন | বাপেক্স এর শাহবাজপুর-৩ ও শ্রীকাইল-৪ এবং বিজিএফসিএল এর তিতাস-১৩ এ ওয়ার্কওভার কার্যক্রম করা হবে। | | | |
| | গ্যাস উৎপাদন | গ্যাস উৎপাদিত | বাপেক্স এর সালদানদী, ফেঞ্চুগঞ্জ, শাহবাজপুর, শ্রীকাইল, সেমুতাং, সুন্দলপুর, বেগমগঞ্জ গ্যাস ক্ষেত্র হতে গ্যাস ও কনডেনসেট উৎপাদিত হবে। | প্রধানত উৎপাদন/ প্রশাসন/ হিসাব ও অর্থ বিভাগসহ সকল বিভাগ, বাপেক্স | মাসিক প্রতিবেদনের কপি। | এমআইএস প্রতিবেদন, বার্ষিক প্রতিবেদন |
| | পেট্রোলিয়াম প্রোডাক্টস উৎপাদন | কনডেনসেট উৎপাদিত | | | | |
| ৩ | মানব সম্পদ উন্নয়ন | জনবল প্রশিক্ষিত | বাপেক্স এর কর্মকর্তাদের আরও উন্নত প্রশিক্ষণ প্রদান করা হবে। | এইচআরএম উপবিভাগ, পরিকল্পনা বিভাগ, বাপেক্স | অফিস আদেশ, প্রশিক্ষন তালিকা, প্রতিবেদনের কপি | এমআইএস প্রতিবেদন, বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩

কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকটসুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | | কর্মসম্পাদন সূচক | | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|---|
| জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | (১.১) | ভূতাত্ত্বিক জরিপ | (১.১) | জরিপের পরিমাণ | প্রশাসনিক অনুমোদন | সরকারি নিয়ম অনুযায়ী | তৈল/গ্যাস অনুসন্ধান ব্যহত হবে |
| পরিকল্পনা কমিশন | (১.২) | দ্বিমাত্রিক জরিপ | (১.২) | জরিপের পরিমাণ | এডিপি বরাদ্দ | সরকারি নিয়ম অনুযায়ী | |
| অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | (১.৩) | ত্রিমাত্রিক জরিপ | (১.৩) | জরিপের পরিমাণ | অর্থ বরাদ্দ এবং অনুমোদন | সরকারি নিয়ম অনুযায়ী | |
| অর্থ বিভাগ | (২.১) | অনুসন্ধান কূপ খনন | (২.১) | কূপ খনন | | | |
| পরিবেশ অধিদপ্তর | (২.২) | উন্নয়ন কূপ খনন | (২.২) | কূপ খনন | পরিবেশগত ছাড়পত্র প্রদান | সরকারি নিয়ম অনুযায়ী | নতুন তৈল/গ্যাসক্ষেত্র আবিষ্কার ব্যহত হতে পারে |
| জাতীয় রাজস্ব বোর্ড | (২.৩) | ওয়ার্কওভার | (২.৩) | কূপ ওয়ার্কওভার | ভ্যাট, ট্যাক্স ও পরামর্শকেরআয়কর | সরকারি নিয়ম অনুযায়ী | |
| জনপ্রশাসন মন্ত্রণালয় | | | | | ভূমি অধিগ্রহণ ও অনুমোদন | সরকারি নিয়ম অনুযায়ী | |
| বাংলাদেশ পুলিশ | | | | | নিরাপত্তা মূলক সহযোগিতা প্রদান | সরকারি নিয়ম অনুযায়ী | |
| আইএমইডি | | | | | প্রকল্প পরিদর্শন সংক্রান্ত সহযোগিতা প্রদান | সরকারি নিয়ম অনুযায়ী | |
| জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | (২.৪) | গ্যাস উৎপাদন | (২.৪) | উৎপাদিত গ্যাসের পরিমাণ | প্রশাসনিক অনুমোদন | সরকারি নিয়ম অনুযায়ী | গ্যাস উৎপাদন ব্যহত হতে পারে |
| জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | (২.৫) | পেট্রোলিয়াম প্রোডাক্টস উৎপাদন | (২.৫) | উৎপাদিত কনডেনসেটের পরিমাণ | প্রশাসনিক অনুমোদন | সরকারি নিয়ম অনুযায়ী | কনডেনসেট উৎপাদন ব্যহত হতে পারে |
| জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | (৩.১) | মানব সম্পদ উন্নয়ন | (৩.১) | প্রশিক্ষণ গ্রহণ | প্রশাসনিক অনুমোদন | সরকারি নিয়ম অনুযায়ী | দক্ষ জনবল তৈরী ব্যহত হবে |